আনন্দবাজার পত্রিকা

Anand Bazaar Patrika

Date: 12 February; Page No.: 04; Edition: Kolkatta

# সিনেমা হলে আইপিএল

নিজস্ব সংবাদদাতা

মাঠে গিয়ে বা টিভির পর্দাতেই শুধু নয়, আইপিএল-এর উত্তেজনা এ বার মিলবে সিনেমা হলেও।

এই পরিষেবা নিয়ে আসা সংস্থা ইউএফও মুভিজ জানায়, দর্শকেরা টিকিট কেটে বাছাই করা সিনেমা হলে সরাসরি আইপিএল দেখতে পারবেন। কয়েকটি হলে থাকবে চিয়ার লিডার, সিনেমা জকিও। এখন চেষ্টা চলছে দেশের কিছু মাল্টিপ্লেক্সে সেমিফাইনাল ও ফাইনাল খেলা থ্রি ডি-তে দেখানোর। সংস্থাটির দাবি, দেশের মধ্যে এই প্রথম সরাসরি সিনেমা হলের পর্দায় খেলা দেখানোর ব্যবস্থা করা হচ্ছে। তবে যে শহরে খেলা হবে, সেখানকার সিনেমা হলে দর্শকেরা সেটি সরাসরি দেখতে পাবেন না।

সংস্থার জয়েন্ট ম্যানেজিং ডিরেক্টর কপিল অগ্রবাল শুক্রবার জানান, এ পর্যন্ত দেশের ৬৫০টি সিনেমা হলের সঙ্গে চুক্তি হয়েছে। মাল্টিপ্লেক্স ও সাধারণ সিনেমা হল মিলিয়ে কলকাতায় আছে ১১টি।

অগ্রবালের কথায়, "বারোটি শহরে আইপিএল হবে। অন্য শহরগুলিতেও উত্তেজনা কম নয়। দেখা গিয়েছে আইপিএল চলাকালীন প্রায় কোনও ছবিই মুক্তি পায় না। ফলে খেলা দেখালে সিনেমা হলগুলিরই লাভ। বহু সংস্থা টিকিট কিনতে উৎসাহ দেখিয়েছে। আমরাও মনে করি, আমজনতা ম্যাচে যাওয়ার স্বাদ পাবেন এতে। ছবির মানও হবে তুলনামূলক ভাবে অনেক ভাল।"